



স্মারক নং-৭জি-১৮২(ক-৩)/২০০৬/৩৫৫/৪

তারিখ: ১২/১০/১৪২৮ বঙ্গাব্দ:
২৬/০১/২০২২ খ্রিস্টাব্দ


বিষয়: নাটোর জেলাধীন দিঘাপতিয়া এম.কে কলেজ-এ কর্মরত জনাব অমল কুমার দাস, শরীরচর্চা শিক্ষক এর নাম এমপিওভুক্তির লক্ষ্যে মতামত প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নাটোর জেলাধীন দিঘাপতিয়া এম.কে কলেজ-এ কর্মরত জনাব অমল কুমার দাস, শরীরচর্চা শিক্ষক এর নাম এমপিওভুক্তির লক্ষ্যে মতামত প্রদান করার জন্য জেলা শিক্ষা অফিসার আবেদন করেন।

আবেদনের বর্ণনা: নাটোর জেলাধীন দিঘাপতিয়া এম.কে কলেজ-এর কমিটির সিদ্ধান্ত মোতাবেক ১২/১১/২০১৪খ্রি. তারিখে জাতীয় পত্রিকা 'দৈনিক করতোয়া' এবং ১১/১১/২০১৪খ্রি. তারিখে স্থানীয় পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে প্রফেসর দিলীপ কুমার ভদ্র, অধ্যক্ষ, নবাব সিরাজ-উদ-দৌলা সরকারি কলেজ, নাটোর-কে ডিজির প্রতিনিধি মনোনয়নের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়। উক্ত নিয়োগ পরীক্ষায় জনাব অমল কুমার দাস প্রথম ও নির্বাচিত হয়। জনাব অমল কুমার দাস-এর নিয়োগকালীন শিক্ষাগত যোগ্যতা ছিল, এসএসসি ২য়/১৯৮৯, এইচএসসি ৩য়/১৯৯৩; বিএ (পাস) ২য়/১৯৯৮; বিপিএড সনদ SIT Foundation হতে ২০১০; নিবন্ধন সনদ ২০১৪; উত্তরা ইউনিভার্সিটি থেকে বিপিএড সনদ জিপিএ-৩.১৯/২০১৯। বর্ণিত শিক্ষকের এমপিওভুক্তির মতামতের জন্য আবেদন করেন।

বর্ণিত বিষয়ে জনাব অমল কুমার দাস এর নিয়োগকালীন বৈধ বিপিএড সনদ না থাকায় তাঁর এমপিওভুক্তির সুযোগ নেই।

এমতাবস্থায়, বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।


(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (ক-৩)
ফোন নং-৯৫৫৬০৫৭

অধ্যক্ষ
দিঘাপতিয়া এম.কে কলেজ
নাটোর।

অনুলিপি:

- ১। পরিচালক, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী।
- ২। সভাপতি, দিঘাপতিয়া এম.কে কলেজ, নাটোর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, নাটোর।
- ৪। জনাব অমল কুমার দাস, শরীরচর্চা শিক্ষক, দিঘাপতিয়া এম.কে, কলেজ, নাটোর।
- ৫। সংরক্ষণ নথি।